কালের কণ্ঠ

তারিখ 24 AUG 2015
পৃষ্ঠা ... কলাম ...

ঢাবির কালো দিবস পালিত

# সংসদীয় কমিটির সুপারিশ বাস্তবায়ন না হওয়ায় ক্ষোভ

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ▷

২০০৭ সালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের সঙ্গে সেনাবাহিনীর সংঘর্ষের ঘটনায় শিক্ষা মন্ত্রণালয়সংক্রান্ত সংসদীয় কমিটির তদন্ত প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন না হওয়ায় ক্ষোভ প্রকাশ করেছেন বেসামরিক বিমান চলাচল ও পর্যটনমন্ত্রী রাশেদ খান মেনন। সেই সময় তাঁর নেতৃত্বেই তদন্ত কমিটি গঠন করা হয়েছিল। গতকাল সকালে ঢাকা বিশ্ববিদ্যালয়ে কালো দিবস উপলক্ষে আয়োজিত বিক্ষোভ সমাবেশে তিনি এ কথা বলেন।

অপরাজেয় বাংলার পাদদেশে আয়োজিত সমাবেশে রাশেদ খান মেনন বলেন, 'আমাদের খুব দুর্ভাগ্য এ ধরনের ঘটনার বিচার আমরা পাই না। দীর্ঘদিন হলেও সংসদীয় কমিটির সুপারিশ বাস্তবায়ন হয়নি। আহত শিক্ষার্থীদের শিক্ষা-চিকিৎসা ব্যয় বহন ও মামলা প্রত্যাহারের সুপারিশ করেছিলাম, কিন্তু তা হয়নি। এমনকি যারা এ ঘটনায় জড়িত ছিল তারা বহাল তবিয়তে এখনো সরকারের সঙ্গে কাজ করছে। দেশে বিচারহীনতার সংস্কৃতির কারণে বিচার হচ্ছে না। এটা খুবই দুঃখজনক। আমরা চাই না এ ধরনের ঘটনা বারবার ফিরে আসুক।'

অধ্যাপক ড. এ কে এম গোলাম রাব্বানীর সঞ্চালনায় ও কবি মুহাম্মদ সামাদের সভাপতিত্বে সমাবেশে উপস্থিত ছিলেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হারুন অর রশীদ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য মিজানুর রহমান, কলা অনুষদের সাবেক ডিন সদরুল আমিন, এম এম আকাশ, নিত্যচন্দ্র ভৌমিক, আনোয়ার হোসেন প্রমুখ।